গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট
শিক্ষা ভবন, ঢাকা

বিষয়: বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিটের ২০২৪-২০২৫ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির ২য় ত্রৈমাসিক সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ আব্দুল হালিম ভুঁঞা<br>পরিচালক, প্রশাসন ও অর্থ (অ.দা) |
| তারিখ | : | ১২ নভেম্বর, ২০২৪ খ্রি. |
| সময় | : | সকাল ১০.৩০টা |
| স্থান | : | সভাকক্ষ, সিপিইআইইউএম, শিক্ষা ভবন, ঢাকা। |

সভায় অংশগ্রহণকারী কর্মকর্তাগণের তালিকা "পরিশিষ্ট ক"-তে সন্নিবেশ করা হলো।

সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সভাপতি জনাব মোঃ কামাল হোসেন, পরিচালক (প্রশাসন ও অর্থ) সভাকে অবহিত করেন যে, সেবা প্রদান প্রতিশ্রুতির (Citizen's Charter) সুষ্ঠু বাস্তবায়নের মাধ্যমে ইউনিটের সেবা প্রক্রিয়ায় স্বচ্ছতা, জবাবদিহিতা ও শৃঙ্খলা আনয়ন করা যায়। এ কারণে ইউনিটের সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মপরিকল্পনা সুষ্ঠুভাবে বাস্তবায়ন বিশেষভাবে গুরুতপূর্ণ।

২। অতপর সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে ইউনিটের সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সদস্য সচিব ও সহকারী পরিচালক (প্রশাসন) জনাব মোঃ জিল্লুর রহমান ইউনিটের ২০২৪-২৫ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত তথ্যাদি সভায় উপস্থাপন করেন।

৩। সভায় বিস্তারিত আলোচনাপূর্বক নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রমিক নম্বর | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১. | ইউনিটের ২য় ত্রৈমাসিকের সেবা প্রদান প্রতিশ্রুতি পর্যলোচনা ও হালনাগাদকরণ। | সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সদস্য সচিব জনাব মোঃ জিল্লুর রহমান, সহকারী পরিচালক (প্রশাসন) জানান, মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী ২০২৪-২৫ অর্থবছরের ২য় ত্রৈমাসিকের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদের কাজ চলমান আছে। এটি অচিরেই হালনাগাদ করে ইউনিটের ওয়েবসাইটে প্রকাশ করা হবে। এছাড়া, হালনাগাদ সংক্রান্ত প্রত্যয়নপত্র মন্ত্রণালয়ে প্রেরণের বিষয়ে আলোচনা করা হয়। | অংশীজনের মধ্যে সেবা অধিকতর সহজীকরণ, সেবা প্রাপ্তির পদ্ধতি, সেবামূল্য, সেবা প্রদানের সময়সীমা, সেবা প্রদানকারী কর্মকর্তা-কর্মচারীদের নাম, পদবি, যোগাযোগ নম্বর, অভিযোগ ব্যবস্থাপনা পদ্ধতি উল্লেখসহ ২০২৪-২৫ অর্থবছরের ২য় ত্রৈমাসিকের (অক্টোবর-ডিসেম্বর ২০২৪) সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদপূর্বক আগামী ১২ ডিসেম্বর ২০২৪ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণসহ ইউনিটের ওয়েবসাইটে আপলোডের সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী পরিচালক (প্রশাসন) |
| ২. | সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন বিষয়ক ১ম ত্রৈমাসিক প্রতিবেদন প্রণয়ন। | সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সদস্য সচিব জনাব মোঃ জিল্লুর রহমান, সহকারী পরিচালক (প্রশাসন) সভায় ২০২৪-২০২৫ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মপরিকল্পনার প্রাতিষ্ঠানিক কার্যক্রম ও বাস্তবায়ন সক্ষমতা উন্নয়ন সংক্রান্ত বিষয়াবলী তুলে ধরেন। তিনি বলেন, সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মপরিকল্পনার ২.১ কার্যক্রম অনুযায়ী সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিকভিত্তিতে সভা আয়োজনের নির্দেশনা রয়েছে। কিন্তু ইউনিটের আওতাধীন কোন দপ্তর/সংস্থা না থাকায় ২.২ কার্যক্রম অনুযায়ী | ইউনিটের সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন বিষয়ক ১ম ত্রৈমাসিক প্রতিবেদন প্রণয়নপূর্বক মন্ত্রণালয়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপপরিচালক (প্রশাসন), সহকারী পরিচালক (প্রশাসন) ও জি. এম হারুন অর রশিদ শাখা সহকারি |

৫২

| ক্রমিক নম্বর | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| | | সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরণের নির্দেশনা রয়েছে।<br>এ অবস্থায়, ইউনিটের সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন বিষয়ক প্রতিবেদন প্রণয়নের বিষয়ে আলোচনা করা হয়। | | |
| ৩. | সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক প্রশিক্ষণ আয়োজন। | সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মপরিকল্পনা, ২০২৩-২০২৪ এর ২.৩ কার্যক্রম অনুযায়ী ১ম ও ২য় ত্রৈমাসিকে কর্মকর্তা কর্মচারীগণের জন্য সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে ০২টি প্রশিক্ষণ আয়োজন করা হয়েছে। | প্রশিক্ষণলব্ধ জ্ঞান দাপ্তরিক কাজে প্রয়োগের সিদ্ধান্ত গৃহীত হয়। | সকল কর্মকর্তা কর্মচারী |

৪। পরিশেষে আর কোনো আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ আব্দুল হালিম ভূঁঞা
পরিচালক, প্রশা ও অর্থ
(অতিরিক্ত দায়িত্ব)
ফোন:+৮৮০-২-৪১০৫০৩৯১
ই-মেইল: cpeimu2011@gmail.com

স্মারক নং-৩৮.২০৫.০০১.০১.০০০.০৫৯.২০১৬.১৪৪/১

তারিখ: ২৮ কার্তিক ১৪৩১ বঙ্গাব্দ / ১৩ নভেম্বর ২০২৪ খ্রিষ্টাব্দ

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে

১। পরিচালক (মনিটরিং-১/২), বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট, ঢাকা।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। উপপরিচালক (প্রশাসন)/(অর্থ ও হিসাব)/উপপরিচালক (সকল) বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট, ঢাকা।
৪। উপপরিচালক (প্রশাসন), এ ইউনিট। কার্যবিবরণীটি ইউনিটের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ।
৫। জনাব মোঃ আনোয়ার পারভেজ, হিসাবরক্ষণ অফিসার। বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট, ঢাকা।
৬। জনাব/বেগম ………………………………, বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট, ঢাকা।
৭। পিএ টু মহাপরিচালক, এ ইউনিট। মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।
৮। অফিস কপি।

মোঃ জিল্লুর রহমান
সহকারী পরিচালক (প্রশাসন)
ফোন:+৮৮০-২-৪১০৫০৩৮৮
ই-মেইল: cpeimu2011@gmail.com